

## শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

শ্রেণি- প্রথম  
বিষয়- বাংলা

### আশ্রয়হীন সৌম্য ও সুকন্যা

নির্দেশাবলি: গল্পটা ভালো করে পড়ো। রেফ (১) যোগে শব্দগুলোর  
বানান শেখো।

এককথায়/পূর্ণবাক্যে উত্তর দাও:-

১) বর্ষাকালের পর অল্লানবাবু কোথায় গেলেন?

উ: সূর্যনগরে।

২) কোনদিনে সবাই খুশিতে মেতে উঠল?

উ: পার্বণের দিনে।

৩) দুর্গাপূজায় পল্লব মল্লিকা কী করল?

উ: দুর্গাপূজায় পল্লব মল্লিকা দেবী দর্শন করল ও ঠাকুর বিসর্জন দেখতে গেল।

৪) দুর্গাপূজায় সৌম্য সুকন্যা কী করল? (নিজে লেখো)

৫) শুল্লাদেবী শোকে মূর্ছা গেলেন কেন?

উ: একদিন রাত্রে এক ধূর্ত চোর শুল্লাদেবীর জমানো অর্থ ও গহনা চুরি  
করেছিল। সেই শোকে তিনি মূর্ছা গেলেন।

৬) অনাস্থীয় কথাটির অর্থ কী?

উ: যে আপনজন নয়।

৭) ‘অনাস্থীয়রা এই বাড়িতে থাকবেনা’- অনাস্থীয় বলতে কাদের বোঝানো  
হয়েছে?

উ: সৌম্য ও সুকন্যাকে।

৮) ‘কোনও গর্হিত কাজ করিনি’- কথাটি কে বলেছিল? (নিজে লেখো)

৯) ‘তোমাদের মার্জনা নেই’- কথাটি কে বলেছিল? তোমাদের বলতে কাদের  
বোঝানো হয়েছে? (নিজে লেখো)

১০) সৌম্য সুকন্যা অল্লানবাবুর বাড়ি থেকে আশ্রয়হীন হল কীভাবে?

উ: একদিন রাতে এক ধূর্ত চোর শুক্লাদেবীর জমানো অর্থ ও গহনা চুরি করেছিল, কিন্তু শুক্লাদেবী ভাবেন এই কাজ সৌম্য সুকন্যা করেছে। তাই তিনি তাদের বাড়ি থেকে তাড়িয়ে দেন। এই ভাবে তারা আশ্রয়হীন হয়ে পড়ল।

- বই থেকে শব্দার্থ ও বিপরীত শব্দ পড়বে।

বাক্যরচনা করো। (নমুনা)

গহনা= সোনা, রুপা ইত্যাদি দিয়ে বিভিন্ন ধরনের গহনা তৈরি করা হয়।

বাড়ির কাজ:-

১) বাক্যরচনা কর: পার্বণ, দুর্গাপূজা চোর।

২) শূন্যস্থান পূরণ করো:-

ক) আমরা \_\_\_\_\_ নির্লোভ।

খ) সৌম্য ও সুকন্যার \_\_\_\_\_ বাড়তে লাগল।

- নিজে লেখো- Home Work খাতায় করবে।

**বিঃদ্রঃ**

- ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।
- নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।
- আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।